গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

২৪ শ্রাবণ, ১৪২৫

পত্র নং-১৮.০০.০০০০.০২৩.০৬.০২৬.১৭-**১৩২** তারিখঃ-------------------

০৮ আগস্ট, ২০১৮

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান এরঁ সভাপতিত্বে ০১ আগস্ট, ২০১৮ তারিখ বিকাল ২.৩০ ঘটিকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে আনুষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ বর্ণনামতে।**

৮.৮.২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৮১৭

বিতরন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বন্দর/সংস্থা), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন/বাজেট), নৌপরিবহণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। যুগ্মপ্রধান (পরিকল্পনা), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (বিএসসি), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়,ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ জনাব শাজাহান খান, এম.পি
মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়ঃ ০১আগস্ট, ২০১৮, বেলা ২-৩০ ঘটিকা।
স্থানঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ **পরিশিষ্ট-'ক'**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৌপরিবহন সচিব মহোদয় সভার বিষয়বস্তু সম্পর্কে সভাকে অবহিত করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিতভাবে উপস্থাপন করার জন্য বিএসসির ব্যবস্থাপনা পরিচালক-কে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে ব্যবস্থাপনা পরিচালক বিগত ১৮-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও চলতি সভার কার্যপত্র বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন।

০২. সভায় বিস্তারিত আলোচনা মোতাবেক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রঃনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| (১) | চায়না এক্সিম ব্যাংকের ঋণের অর্থায়নে ৬টি জাহাজ ক্রয়/ সংগ্রহ। | বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, গত ১৮-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বিএসসির জন্য চীনে নির্মাণাধীন ৬টি জাহাজের মধ্যে একটি জাহাজ এম,ভি, বাংলার জয়যাত্রা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের লক্ষ্যে ২২মে, ২০১৮ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয় হতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সার-সংক্ষেপ প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য প্রেরিত সার-সংক্ষেপ অনুমোদিত হয়েছে। আগামী ২৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখ শনিবার এম,ভি, বাংলার জয়যাত্রা জাহাজটি উদ্বোধনের দিন ধার্য করা যেতে পারে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপম প্রধানমন্ত্রী কার্যালয়ের সাথে যোগাযোগ করে উদ্বোধনের তারিখসহ প্রয়োজনীয় কার্যক্রম নিশ্চিত করবে। |
| (২) | বিএসসি'র ঢাকাস্থ নিজস্ব জায়গায় বহুতল ভবন নির্মাণ প্রকল্প। | ব্যবস্থাপনা পরিচালক সভায় অবহিত করেন যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক বিএসসি টাওয়ারের ২৪তম তলায় (টপ ফ্লোর) পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয় এবং মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের জন্য ১টি করে ২টি রুম এবং ১টি বড় আধুনিক ও স্বয়ংসম্পূর্ণ কনফারেন্স রুম নির্মাণ করতে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে আনুমানিক ১.১৭ কোটি টাকা প্রাক্কলন ব্যয় ধরা হয়েছে। যা নৌপরিবহন মন্ত্রণালয়কে পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে। উক্ত ব্যয়ের বাজেট সংস্থানপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | বাজেট সংস্থানপূর্বক বিএসসি টাওয়ারের ২৪ তলায় পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয় এবং মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের জন্য ১টি করে ২টি রুম এবং ১টি বড় আধুনিক ও স্বয়ংসম্পূর্ণ কনফারেন্স রুম নির্মাণ করার বিষয়ে বিএসসি উদ্যোগ গ্রহণ করবে। |
| (৩) | বিএসসি ও চবক কর্তৃক | ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক বিএসসির জাহাজ ক্রয়ের লক্ষ্যে ঋণ প্রদানের বিষয়ে | নৌপরিবহন মন্ত্রণালয়ের নির্দেশনা সাপেক্ষে চবক |

| ক্রঃনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | জয়েন্ট ভেঞ্চারে মাদার ট্যাংকার ক্রয় ও পরিচালনা। | সর্বশেষ অগ্রগতি/গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিতকরণের অনুরোধ জানিয়ে গত ০৬-০৫-২০১৮ তারিখে চবক-কে পত্র প্রেরণ করা হয়। এছাড়া গত ২০-০৬-২০১৮ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ৫৫তম বৈঠকে আলোচনাকালে বিএসসিকে জাহাজ ক্রয়ে ঋণ দেওয়ার বিষয়ে চবক চেয়ারম্যান কর্তৃক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে প্রতিশ্রুতি দেন। | বিএসসিকে জাহাজ ক্রয়ের নিমিত্ত ২৫০ কোটি টাকা প্রদান করবে। |
| (৪) | বিএসসি'র এফডিআর হিসাবসমূহের সর্বাধিক মুনাফা নিশ্চিতকরণ | ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, সরকারি নীতিমালা অনুসরণপূর্বক সংস্থার স্থায়ী আমানতসমূহ আর্থিক নিরাপত্তা ও সর্বাধিক লাভজনক বিবেচনা করে বিভিন্ন সরকারি ও অনুমোদিত তফসিলী ব্যাংকে বিনিয়োগ করা হচ্ছে। | বিএসসি সরকারি নীতিমালা অনুসরণপূর্বক সর্বাধিক মুনাফা অর্জনের লক্ষ্যে স্থায়ী আমানত-সমূহ আর্থিক নিরাপত্তা ও লাভজনক বিবেচনায় সরকারি ব্যাংক-কে অগ্রাধিকার দিয়ে বিভিন্ন অনুমোদিত তফসিলী ব্যাংকে বিনিয়োগ করবে। |
| (৫) | বিএসসি'র চট্টগ্রাম ও খুলনাস্থ নিজস্ব জমিতে ভবন নির্মাণ/ উন্নয়নমূলক কার্যসম্পাদন। | বিএসসির কৈবল্যধাম জমির ডিমারকেশনের নিমিত্ত জরিপ কাজ সম্পন্নকরণ, বাউন্ডারী দেয়াল নির্মাণ, আনসার শেড নির্মাণ এবং খুলনার আবাসিক জমির চতুর্দিকে বাউন্ডারী দেয়াল নির্মাণসহ উন্নয়নমূলক কাজের জন্য ৩টি প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা হয়েছে। ইতোমধ্যে উক্ত ৩টি প্রতিষ্ঠনের নিকট থেকে ডিমারকেশন, চতুর্দিকে দেয়াল এবং আনসার শেড নির্মাণের নিমিত্ত প্রাক্কলন ও নকশা চেয়ে প্রস্তাব আহবান করা হচ্ছে। | চট্টগ্রাম ও খুলনার জমির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে চাহিত প্রাক্কলন ও নকশা যাচাই-বাছাইপূর্বক নির্ভরশীল প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| (৬) | জি-টু-জি ভিত্তিতে জাহাজ সংগ্রহের কার্যক্রম। | ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, বিএসসি'র চারটি প্রকল্পের আওতায় ১০টি জাহাজ (২টি নতুন প্রতিটি ৩০,০০০-৩৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন কেমিক্যাল/ ক্রুড অয়েল ট্যাংকার, ২টি নতুন প্রতিটি ১,০০০০০-১,২৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন মাদার ক্রুড অয়েল ট্যাংকার, ৪টি নতুন প্রতিটি ১২০০-১৫০০ টিইউজ সম্পন্ন সেলুলার কন্টেইনার জাহাজ, ২টি নতুন প্রতিটি কমপক্ষে ৮০,০০০ ডিডব্লিউটি সম্পন্ন ডিজেল পরিবহন উপযোগী মাদার প্রোডাক্ট অয়েল ট্যাংকার) অর্জনের লক্ষ্যে ইআরডি কর্তৃক জারিকৃত সীমিত দরপত্র পদ্ধতির নীতিমালা অনুযায়ী চীন সরকারের নিকট প্রস্তাব প্রেরণের জন্য ইতোমধ্যে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক অনুমোদন লাভ করায় প্রকল্পসমূহের বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে চীন সরকারের নিকট প্রস্তাব প্রেরণ পূর্বক সম্মতিপত্র প্রাপ্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য গত ০৭-০৯-২০১৭ ও ০২-০১-২০১৮ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাধ্যমে ইআরডিকে অনুরোধ করা হয়েছে।<br>তাছাড়া ১২-১২-২০১৭ তারিখে ইআরডি'র পত্রের প্রেক্ষিতে বিএসসি কর্তৃক গত ০৫-০২-২০১৮ তারিখে ৬টি জাহাজ (২টি নতুন প্রতিটি ১,০০০০০-১,২৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন ক্রুড অয়েল মাদার ট্যাংকার, ২টি নতুন প্রতিটি কমপক্ষে ৮০,০০০ ডিডব্লিউটি সম্পন্ন | নৌপরিবহন মন্ত্রণালয়, ইআরডি এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সাথে যোগাযোগপূর্বক প্রকল্পগুলোর বাস্তবায়নে বিএসসি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। |

| ক্রঃনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | ডিজেল পরিবহন উপযোগী মাদার প্রোডাক্ট অয়েল ট্যাংকার এবং ২টি নতুন প্রতিটি কমপক্ষে ৮০,০০০ ডিডব্লিউটি সম্পন্ন কয়লা পরিবহন উপযোগী মাদার বাল্ক ক্যারিয়ার) ক্রয় সংক্রান্ত প্রকল্পসমূহকে জি টু জি ভিত্তিতে চীনা নমনীয় ঋণে বাস্তবায়িতব্য প্রকল্পের আওতায় চীন সরকারের নতুন পদ্ধতির আলোকে একটি প্রকল্প বিবেচনাকরত প্রক্রিয়াকরণের জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে, যা নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক গত ১৮-০২-২০১৮ তারিখে ইআরডি-তে প্রেরণ করা হয়েছে। যা ইতোমধ্যে CCEA তে উপস্থাপন করা হয়েছে।<br>এছাড়া, এলএনজি পরিবহনের উদ্দেশ্যে বৈদেশিক ঋণ সহায়তায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বিএসসি'র জন্য ২টি নতুন প্রায় ১৪০০০০ সিবিএম ধারণ ক্ষমতা সম্পন্ন এলএনজি ক্যারিয়ার ক্রয় শীর্ষক প্রকল্পের পিডিপিপি গত ০৩-১২-২০১৭ তারিখে নৌপম এ প্রেরণ করা হয় যা মন্ত্রণালয় কর্তৃক গত ০২-০১-২০১৮ তারিখে নীতিগত অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, গত ৩১-০১-২০১৮ তারিখে এলএনজি ক্যারিয়ার ক্রয় শীর্ষক প্রকল্পের নীতিগত অনুমোদনের বিষয়ে সর্বশেষ অগ্রগতি অবহিতকরণের অনুরোধ জানিয়ে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক পরিকল্পনা কমিশনে তাগাদা পত্র প্রেরণ করা হয়েছে। | |
| (৭) | বিএসসি'র জন্য মোট ০৪টি নতুন এলএনজি ক্যারিয়ার ক্রয় শীর্ষক প্রকল্প। | ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী মোট ৪টি এলএনজি ক্যারিয়ার ক্রয় শীর্ষক প্রকল্পের মধ্যে ২টি প্রতিটি প্রায় ১৭৪,০০০ সিবিএম এবং ২টি প্রতিটি প্রায় ১৮০,০০০ সিবিএম ধারণক্ষমতা সম্পন্ন নতুন এলএনজি ক্যারিয়ার বৈদেশিক ঋণ সহায়তায় সংগ্রহের লক্ষ্যে পিডিপিপি ২২-০৫-২০১৮ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা মন্ত্রণালয় কর্তৃক গত ২০-০৬-২০১৮ তারিখে নীতিগত অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | বিএসসি জিটুজি ঋণের মাধ্যমে জাহাজ ক্রয়ের ক্ষেত্রে চীনের পাশাপাশি দক্ষিণ কোরিয়া, জাপান, সিঙ্গাপুর ও ইইউভুক্ত দেশগুলো থেকে ঋণের মাধ্যমে জাহাজ তৈরির জন্য যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| (৮) | বিএসসি'র বহরে যুক্ত হওয়ার অপেক্ষায় নতুন জাহাজসমূহ যথাযথভাবে পরিচালনার উদ্যোগ গ্রহণ। | অতিরিক্ত সচিব (সংস্থা) সভায় উল্লেখ করেন যে, চীনে নির্মাণাধীন নতুন জাহাজসমূহ পরিচালনার জন্য বর্তমানে বাংলাদেশ শিপিং কর্পোরেশনে প্রয়োজনয়ী জনবল রয়েছে কি-না, তাছাড়া আধুনিক নতুন জাহাজসমূহ পরিচালনার লক্ষ্যে জাহাজী কর্মকর্তা/নাবিকদের প্রয়োজনীয় প্রশিক্ষণের পদক্ষেপ গ্রহণ করাতে হবে। প্রশিক্ষণ ছাড়া নতুন জাহাজসমূহ পরিচালনায় কাঙ্খিত সুফল অর্জন সম্ভব নয় মর্মে অভিমত ব্যক্ত করেন। এ প্রেক্ষিতে বিএসসির ব্যবস্থাপনা পরিচালক জানান যে, বিশ্বের সকল দেশের জাহাজেই সাধারণত জাহাজের ক্যাপ্টেন/চীফ ইঞ্জিনিয়ার ছয় মাসের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হয়ে থাকে। তাছাড়া জাহাজের সেকেন্ড অফিসার/ সেকেন্ড ইঞ্জিনিয়ার/থার্ড ইঞ্জিনিয়ার বিএসসিতে রয়েছে। বাংলাদেশি বহু ক্যাপ্টেন/ইঞ্জিনিয়ার বিদেশি জাহাজে কর্মরত রয়েছে। এসব বাংলাদেশি ক্যাপ্টেন/ইঞ্জিনিয়ারকে পর্যাপ্ত বেতন-ভাতার অফার করা হলে তারা বাংলাদেশি জাহাজে চাকুরি করতে আগ্রহী হবেন বলে সভায় মত প্রকার করেন। এ প্রেক্ষিতে | বিএসসি নতুন জাহাজসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় জনবল প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করবে। |

| ক্রঃনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | নৌপরিবহন মন্ত্রী মহোদয় সকল জাহাজে ফিমেল ক্যাডেটদের নিয়োগের বিষয়টি বিবেচনা করা যায় কিনা সে বিষয়ে মত ব্যক্ত করেন। | |
| (৯) | বিএসসি'র কর্মকর্তা/ কর্মচারীদের টিফিন ভাতা প্রদান। | বিএসসির কর্মকর্তা/কর্মচারীদের টিফিন ভাতা প্রদানের বিষয়ে অতিরিক্ত সচিব (সংস্থা) সভায় জানান যে, অর্থ বিভাগ কর্তৃক জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১তম গ্রেড হতে ২০তম গ্রেডের কর্মচারীদের মাসিক ২০০/- টাকা হারে প্রদানের নির্দেশনা রয়েছে। কিন্তু বিএসসি তাদের বোর্ডের সিদ্ধান্তের মাধ্যমে সকল স্তরের কর্মকর্তা/কর্মচারিদের মাসিক নির্ধারিত অংকের পরিবর্তে প্রতি কর্মদিবস ভিত্তিতে (যা জনপ্রতি প্রতিমাসে গড়ে চার হাজার টাকার অধিক) প্রদান করার বিষয়টি যথাযথ হয়নি মর্মে মত প্রকাশ করেন। এ প্রেক্ষিতে নৌপরিবহন সচিব মহোদয় টিফিন ভাতা বৃদ্ধির বিষয়টি অর্থ বিভাগের অনুমোদনক্রমে প্রদানের বিষয়ে একমত প্রকাশ করেন। আলোচনাকালে মাননীয় মন্ত্রী মহোদয় টিফিন ভাতা প্রদানের বিষয়টি অর্থ বিভাগে প্রেরণ করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় উল্লেখ করেন। | অর্থ বিভাগের অনুমোদন-পূর্বক বিএসসির কর্মকর্তা/কর্মচারীদের টিফিন ভাতা প্রদানের বিষয়টি চূড়ান্ত করতে হবে। |
| (১০) | বিএসসি'র জনবল নিয়োগ | সভায় নৌপরিবহন সচিব মহোদয় বিএসসির জনবল নিয়োগের বিষয়ে সর্বশেষ অবস্থা সম্পর্কে জানতে চাওয়া হলে ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, সম্প্রতি সহকারী ব্যবস্থাপক এর ২০ পদসহ বিভিন্ন পদে মোট ৪০ জন কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ করা হয়েছে। ভবিষ্যতে সংস্থার বহরে নতুন জাহাজ সংযোজিত হলে পর্যায়ক্রমে আরও কর্মকর্তা/কর্মচারী নিয়োগের পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে মত প্রকাশ করেন। | সংস্থাকে সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিএসসি যথাসময়ে প্রয়োজনীয় জনবল নিয়োগের পদক্ষেপ গ্রহণ করবে। |

০৩. অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার কাজ শেষ করা হয়।

০৯.৫.২১

(শাজাহান খান, এম.পি)
মন্ত্রী
নৌপরিবহন মন্ত্রণালয়।

পরিশিষ্ট-'ক'

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ০১-০৮-২০১৮ তারিখ বেলা ২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশনের উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক বিষয় সংক্রান্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিস/কর্মস্থল | ফোন/মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | কমান্ডার ইমামুজ্জামান সৈয়দ [illegible] | BSC | 01730 341136 | [illegible] ১/৮/১৮ |
| ০২. | খালেদ মাহমুদ সচিব | [illegible] | ০১৮১৮৩৩২৫৭৮ | [illegible] |
| ০৩. | মোহাম্মদ ইউসুফ সহঃ সঃ ব্যঃ | [illegible] | ০১৭১৭০২৫৫৬৮ | [illegible] |
| ০৪. | রফিক আহমদ সিদ্দিক যুগ্মসচিব | নৌপরম | 01714161329 | [illegible] ১/৮/২০১৮ |
| ০৫. | কাজী নজরুল ইসলাম উপসচিব | নৌপরম | 01713477540 | [illegible] ০১/০৮/১৮ |
| ০৬. | [illegible] স/স (বাজেট) | নৌপরম | 01753600137 | [illegible] |
| ০৭. | মোহাম্মদ আবদুল মান্নান অতি. সচিব | নৌপরম | | [illegible] ০১.০৮.১৮ |
| ০৮. | | | | |
| ০৯. | | | | |
| ১০. | | | | |
| ১১. | | | | |
| ১২. | | | | |
| ১৩. | | | | |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |
| ১৬. | | | | |